গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

বিষয়: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২২ পালন উপলক্ষ্যে কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত বিষয়ে ২১.০৭.২০২২ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সভাকক্ষে/ভার্চুয়ালি অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

**সভাপতি : জাহিদ মালেক, এমপি**
**মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**তারিখ : ২১.০৭.২০২২ খ্রি.**
**সময় : বেলা ০৩:০০ ঘটিকা**
**স্থান : সভাকক্ষ/ভার্চুয়াল প্লাটফর্ম (জুম)**

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন এবং ১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব ও ১৫ই আগস্টের সকল শহিদের রূহের মাগফেরাত কামনা করেন এবং বাংলাদেশ নামক স্বাধীন একটি রাষ্ট্র গড়ার পেছনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আত্মত্যাগের কথা স্মরণ করেন। স্বাস্থ্য সেবা বিভাগের সচিব জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৫ই আগস্টে নিহত সকল শহিদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্য পরিবেশে জাতীয় শোক দিবস পালনের উপর গুরুত্বারোপ করেন। তিনি আরও উল্লেখ করেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-কে হত্যার পর আমাদের যে ক্ষতি হয়েছে তা কখনো পূরণ করা সম্ভব নয়। স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৫ই আগস্টে শাহাদত বরণকারী সকল শহিদের স্মরণ করে জাতীয় শোক দিবসের তাৎপর্য তুলে ধরেন এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন সরকারি-বেসরকারি সকল মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস বাধ্যতামূলকভাবে পালনের বিষয়ে মতামত ব্যক্ত করেন।

২। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ১৫ আগস্ট ২০২২ জাতির পিতার ৪৭তম শাহাদত বার্ষিকীতে নিম্নবর্ণিত কর্মসূচি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | গৃহীত কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। জাতীয় পতাকার সাইজ, রং, স্ট্যান্ড ঠিক আছে কিনা সে দিকে লক্ষ্য রাখতে হবে। সর্বোপরি People's Republic of Bangladesh Flag Rules, 1972 অনুসরণ করতে হবে। | মন্ত্রণালয়ের অধীনস্থ সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা |
| ২. | সকাল ০৬:৩০ ঘটিকায় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক অনার গার্ড প্রদান এবং মোনাজাত অনুষ্ঠানে বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে একাধিক মেডিকেল টিম (এসবি পাশসহ) প্রস্তুত রাখতে হবে ও প্রয়োজনীয় সংখ্যক অ্যাম্বুলেন্স সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | • মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর<br>• অতিরিক্ত সচিব (হাসপাতাল) স্বাস্থ্য সেবা বিভাগ<br>• জনাব মোঃ সাদেকুল ইসলাম, উপসচিব, স্বাস্থ্য সেবা বিভাগ<br>• সিভিল সার্জন, ঢাকা |

| | | |
|---|---|---|
| ৩. | (ক) ১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহিদদের কবরে (ঢাকার বনানীস্থ কবরস্থানে) সকাল ০৭:০০ ঘটিকায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ এবং ফাতেহা পাঠ ও মোনাজাত অনুষ্ঠানে বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে একাধিক মেডিকেল টিম (এসবি পাশসহ) প্রস্তুত রাখতে হবে ও প্রয়োজনীয় সংখ্যক অ্যাম্বুলেন্স সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) দায়িত্বপ্রাপ্ত সকল কর্মকর্তার কোভিড টেস্ট নিশ্চিত করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত কর্মকর্তাদের নামের তালিকা মোতাবেক কোভিড টেস্টের জন্য ১৩ আগস্ট পূর্বাহ্নে স্যাম্পল সংগ্রহ করে ১৪ আগস্ট বিকাল ১৪:০০ ঘটিকার মধ্যে রিপোর্ট প্রদান নিশ্চিত করতে হবে। প্রাপ্ত তালিকা মোতাবেক পরিচালক, আইইডিসিআর মহাখালী, ঢাকা প্রয়োজনীয় ব্যবস্থা করবেন। | • মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর<br>• অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ<br>• পরিচালক, আইইডিসিআর, মহাখালী, ঢাকা<br>• জনাব মোঃ আবদুছ সালাম, উপসচিব, স্বাস্থ্য সেবা বিভাগ<br>• সিভিল সার্জন, ঢাকা |
| ৪. | ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার সকাল ১০:০০ ঘটিকায় গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে ফাতেহা পাঠ, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক অনার গার্ড প্রদান এবং মোনাজাত অনুষ্ঠানে অ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিম (এসবি পাশসহ) প্রস্তুত রাখতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক অনার গার্ড প্রদান এবং মোনাজাত শেষে মন্ত্রণালয়ের পক্ষে বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা এর নেতৃত্বে সিভিল সার্জন, গোপালগঞ্জ এর সমন্বয়ে গোপালগঞ্জস্থ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাগণ গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করবেন। | • মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর<br>• অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ<br>• সিভিল সার্জন, গোপালগঞ্জ |
| ৫. | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান এবং গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপন ও এলইডি বোর্ডের মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাছাড়া যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি রয়েছে সেখানে প্রতিষ্ঠান প্রধানের নেতৃত্বে কর্মকর্তা/কর্মচারীবৃন্দ পুষ্পস্তবক অর্পণ এবং ফাতেহা পাঠ ও মোনাজাত করতে হবে। | • স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ |
| ৬. | সরকারি-বেসরকারি সকল মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন করতে হবে। আলোচনা অনুষ্ঠানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী সম্পর্কে বিষয়ভিত্তিক আলোচনা করতে হবে। | • স্বাস্থ্য সেবা বিভাগ<br>• স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ<br>• মহাপরিচালক স্বাস্থ্য অধিদপ্তর<br>• মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর<br>• মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর<br>• মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াফারি অধিদপ্তর<br>• মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) এবং<br>• অধীনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠান |
| ৭. | জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবস পালনের জন্য আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন এবং জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে বিভাগীয়/জেলা/উপজেলা প্রশাসন আয়োজিত | • সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা |

| | | |
|---|---|---|
| | অনুষ্ঠানের সাথে সমন্বয় করে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে।<br><br>জেলা ও উপজেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানসমূহে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাগণকে সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করতে হবে। | • স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন জেলা ও উপজেলা পর্যায়ে কর্মরত সকল কর্মকর্তা |
| ৮. | জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহ বাধ্যতামূলকভাবে ১৫ আগস্ট ২০২২ এর কর্মসূচি পালন করবে।<br><br>কর্মসূচি পালন নিশ্চিত করার জন্য মন্ত্রণালয়ে ২১ জুলাই ২০২২ মাসে একটি প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে এবং আগস্ট ২০২২ মাসের প্রথম সপ্তাহে ফলো-আপ সভা অনুষ্ঠিত হবে।<br><br>স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে দেশের সকল সরকারি হাসপাতালে (জেলা/উপজেলা/ইউনিয়নসহ) দিনব্যাপী বিনামূল্যে চিকিৎসা (ডায়াগনস্টিক পরীক্ষাসহ) সেবা প্রদানের ব্যবস্থা করতে হবে। ১৫ আগস্ট দুপুরে প্রত্যেক সরকারি হাসপাতালে উন্নতমানের খাবারের ব্যবস্থা করতে হবে। | • স্বাস্থ্য সেবা বিভাগ<br>• স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ<br><br>• মহাপরিচালক স্বাস্থ্য অধিদপ্তর<br>• পরিচালক (সকল) সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল<br>• সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক (সকল)<br>• উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল) |
| ৯. | জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে প্রয়োজনীয় অর্থ ব্যয় সংশ্লিষ্ট খাত হতে করতে হবে। | • স্বাস্থ্য সেবা বিভাগ<br>• স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ<br>• সকল অধিদপ্তর/ দপ্তর/ সংস্থা |
| ১০. | জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব পালনের নিমিত্ত সংশ্লিষ্ট অধিদপ্তর/দপ্তর/সংস্থা এসবি পাশ সংগ্রহ করবে। | • স্বাস্থ্য সেবা বিভাগ<br>• সিভিল সার্জন, ঢাকা ও গোপালগঞ্জ। |
| ১১. | সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতীয় শোক দিবসের সকল কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। | • স্বাস্থ্য সেবা বিভাগ<br>• স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ<br>• সকল অধিদপ্তর/ দপ্তর/ সংস্থা |
| ১২. | দায়িত্বপ্রাপ্ত সকল কর্মকর্তার কোভিড টেস্ট নিশ্চিত করতে হবে। জেলা প্রশাসন ও এসএসএফ এর নিকট হতে প্রাপ্ত কর্মকর্তাদের নামের তালিকা মোতাবেক কোভিড টেস্টের জন্য ১৩ আগস্ট পূর্বাহ্নে স্যাম্পল সংগ্রহ করে ১৪ আগস্ট সকাল ১৪:০০ ঘটিকার মধ্যে রিপোর্ট প্রদান নিশ্চিত করতে হবে। | • সিভিল সার্জন, গোপালগঞ্জ |

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**স্বাক্ষরিত**
**২৬.০৭.২০২২**
**(জাহিদ মালেক, এমপি)**
মন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নম্বর : ৪৫.০০.০০০০.১৪১.২৩.০২১.২০.২৩২

তারিখ : ২৬ জুলাই ২০২২ খ্রিষ্টাব্দ
১১ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩. উপাচার্য, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)
৪. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট), ঢাকা/ব্যবস্থাপনা পরিচালক, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট, মহাখালী, ঢাকা/প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা। (গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী মাঠ পর্যায় পর্যন্ত যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৬. যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭. পরিচালক, আইইডিসিআর/বাংলাদেশ অত্যাবশ্যক ও প্রজনন স্বাস্থ্য উন্নয়ন এবং প্রযুক্তি গবেষণা ইনস্টিটিউট, ঢাকা
৮. পরিচালক/অধ্যক্ষ (সকল)................................................................................
৯. বিভাগীয় পরিচালক, স্বাস্থ্য/পরিবার পরিকল্পনা (সকল)..................................................................
১০. উপসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১৩. সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক (সকল)...................................................................
১৪. উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল)............................................................
১৫. সিভিল সার্জন, গোপালগঞ্জ/ঢাকা
১৬. চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা
১৭. সচিব, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল, বাংলামটর, ঢাকা
১৮. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৯. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)
২০. ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

25.07.2022

(মোঃ আবদুছ সালাম)
উপসচিব
ফোন: ৫৫১০০৭২১
ইমেইল : admin2@hsd.gov.bd